আমি তোমাকে আল্লাহর সপথ দিয়ে বলছি, তুমি কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছো: আমার পক্ষ থেকে উত্তর দাও। হে আল্লাহ, তুমি তাকে রুহুল কুদুস দ্বারা শক্তিশালী করো। তিনি বললেন, আল্লাহুম্মা হ্যাঁ।

আবূ হুরায়রা থেকে বর্ণিত, উমার হাসসান—রাদিয়াল্লাহু আনহুম—এর পাশ দিয়ে গেলেন যে অবস্থায় সে মসজিদে কবিতা পাঠ করছে। তিনি তার দিকে দৃষ্টি দিলেন। তখন তিনি বললেন, আমি কবিতা পড়তাম তখন তাতে আপনার চেয়ে উত্তম ব্যক্তি ছিল। তারপর তিনি (হাসসান) আবূ
হুরায়রার দিকে তাকিয়ে বললেন, আমি তোমাকে আল্লাহর সপথ দিয়ে বলছি, তুমি কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছো: আমার পক্ষ থেকে উত্তর দাও। হে আল্লাহ, তুমি তাকে রুহুল কুদুস দ্বারা শক্তিশালী করো। তিনি বললেন, আল্লাহুম্মা হ্যাঁ।
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

হাদীসটির অর্থ: হাসসান রাদিয়াল্লাহু আনহু মসজিদে কবিতা পড়তে ছিলেন। তখন উমার সেখানে উপস্থিত ছিলেন। উমার তার দিকে অপছন্দের দৃষ্টি দিলেন। হাসসান যখন তার থেকে তা দেখলেন, তাকে বললেন, আমি মসজিদে কবিতা পড়তাম যখন তাতে তোমার থেকে যিনি উত্তম তিনি উপস্থিত ছিলেন। তারপর তিনি আবূ হরায়রাহকে সাক্ষী বানান। অর্থাৎ রাসূলের উপস্থিতে মসজিদে তার কবিতা আবৃতি করা, এর ওপর তাকে স্বীকৃতি দেওয়া এবং কবিতা আবৃতির ওপর তাকে উৎসাহ দেওয়া ইত্যাদি বিষয় যা তিনি যানেন সে সব বিষয়ে তিনি তার কাছে সাক্ষী কামনা করলেন এবং বললেন: “আমি তোমাকে আল্লাহর নামে জিজ্ঞাসা করছি এবং তার দ্বারা সপথ দিচ্ছি যে, তুমি কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছ যে, তিনি বলেন, হে হাসসান! রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পক্ষ থেকে উত্তর দাও। অর্থাৎ মুশরিক কবিদেরকে তুমি তোমার কাব্য দ্বারা উত্তর দাও। রাসূল থেকে তাদের প্রতিহত করার উদ্দেশ্যে এবং তার দীনের সাহায্যার্থে তা দ্বারা তুমি তাদের কুৎসা রচনা কর। আর তুমি কি তাকে বলতে শুনেছ যে, তিনি বলেছেন হে আল্লাহ তুমি তাকে রুহুল কুদুস দ্বারা শক্তি শালী কর। অর্থ জিবরীল দ্বারা সাহায্য কর এবং তাকে তার অনুগত কর যাতে সে তার অন্তরে এমন কবিতা ডেলে দেয় যা ইসলামের দুশমনদের ওপর তীরের ন্যায় আঘাত করে। আবূ হুরায়রাহ বললেন, হ্যাঁ অর্থাৎ,আমি তোমাকে তার সামনে মসজিদে কবিতা পাঠ করতে শুনেছি এবং তাকে তোমার সম্পর্কে এ কথা বলতেও শুনেছি।

http://sunnah.global/hadeeth/bn/show/10889